ঠাকুরগাঁও অর্থসহ আটক জেলা আমিরের ঘটনা 'সাজানো নাটক': জামায়াত



ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও জেলা জামায়াতের আমির বেলাল উদ্দিনকে নগদ অর্থসহ আটকের ঘটনাকে ‘সাজানো’ বলে দাবি করেছেন দলের মুখপাত্র এহসানুল মাহবুব জুবায়ের।

বুধবারের এক ব্রিফিংয়ে তিনি বলেন, তদন্তের আগেই ঘটনা প্রচার করা হয়েছে, যদিও টাকার উৎসসংক্রান্ত কাগজপত্র রয়েছে। ব্যাংক বন্ধ থাকায় ব্যবসায়িক লেনদেনের জন্য নগদ অর্থ সঙ্গে রাখা হয়েছিল—এটি স্বাভাবিক বলেও উল্লেখ করেন তিনি। মানসিক চাপে বেলাল উদ্দিন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন বলেও জানান।

এর আগে, নীলফামারীর সৈয়দপুর বিমানবন্দরে পুলিশ বেলাল উদ্দিনকে আটক করে। তিনি জানান, লাগেজে ৫০ লাখ টাকার বেশি ছিল এবং সেটি তাঁর গার্মেন্টস ব্যবসার অর্থ।

LENS ASIA